**ওয়েব সাইট এর জন্য**

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি :

জুবিলী রোড শাখা, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোহাম্মদ মঈন উদ্দীন চৌধুরী, পিতা - মোহাম্মদ মমতাজ উদ্দিন চৌধুরী, মাতা - মোসাম্মৎ ফাতেমা বেগম চৌধুরী চেয়ারম্যান **TULIP REAL ESTATE LTD** মুহাম্মদ আসিক ইউসুফ চৌধুরী, পিতা - আব্দুল হান্নান চৌধুরী মাতা - সানোয়ারা বেগম চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক **TULIP REAL ESTATE LTD**,শবনম শারমিন চৌধুরী, পিতা - আফসারুল আলম, মাতা - শামীম জাহান চৌধুরী, পরিচালক **TULIP REAL ESTATE LTD** । প্রজেক্টের ঠিকানা - টিউলিপ রিমঝিম, বাড়ী নং - ৮,রোড নং- ১১,বাইতুল আমান হাউজিং সোসাইটি, ডাকঘর - দামপাড়া,থানা -খুলশী, জেলা - চট্টগ্রাম, অফিসের ঠিকানা - ৬১, কামাল চেম্বার (৪র্থ তলা), জুবিলী রোড, ডাকঘর - জিপিও,থানা - কোতোয়ালী, জেলা - চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক পিএলসি জুবিলী রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্তমোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত -১১,০২.২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৪,২৯,৩১,৯৫৮.৩০ (চার কোটি উনত্রিশ লক্ষ একত্রিশ হাজার নয় শত আটান্ন টাকা ত্রিশ পঁয়সা ) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

<u>বন্ধকী সম্পত্তির তফসিল</u>

জেলা - চট্টগ্রাম, থানা - সাবেক ডবলমুড়িং হাল - খুলশী, মৌজা - দক্ষিন পাহাড়তলী,জে এল ৬৬,আর এস খতিয়ান নং ৩২৭, আর এস প্লট নং ১৩৩৮ (আংশিক) ,পি এস খতিয়ান ২৪৬/4, পি এস প্লট নং ৬২০৫ (আংশিক) , বি এস খতিয়ান - ৪১৮, বি এস নামজারী খতিয়ান নং ৪১৮/১৮, ৪১৮/১4 বি এস দাগ নং ৩৯১১ (আংশিক), বি এস নামজারী দাগ নং ৩৯১১ **হোল্ডিং নং ২৫০/৩০৭,২৫১/৩০৮** বাইতুল আমান হাউজিং সোসাইটি, ডাকঘর - দামপাড়া,থানা -খুলশী,জেলা - চট্টগ্রাম, সম্পত্তির পরিমান ২০.০০ ডেসিমেল এর বিপরীতে ডেভেলপারের প্রাপ্ত অংশ বন্ধক কৃত ১১.০০ ডেসিমেল হইতে পূর্বে অবমুক্ত কৃত ৫.৫১ ডেসিমেল ব্যাতিত এ-৭ (ফ্লোর স্পেস),ডি-৭(ফ্লোর স্পেস), এ-৬ (১৩৫০ব:ফুট- ব্রিক পার্টিশন সম্পন্ন),বি-৬ (১০২৬ ব:ফুট- ব্রিক পার্টিশন সম্পন্ন), ডি-২ (১৩৭৫ ব:ফুট),সি-১ (১০২৬ ব:ফুট), ডি-১ (১৩৭৫ব:ফুট) মোট - ৭ টি ফ্ল্যাট সহ ৬ টি কার পার্কিং সহ তৎ বিপরীতে আনুপাতিক হারে জমির পরিমান নিলাম হইবে।

ভবনের চৌহদ্দি : উত্তরে : সিরাজুল হক গং দক্ষিনে : রাস্তা ,পূর্বে : মৃত কাজী এ হাই এবং পশ্চিমে : এনায়েত উল্লাহ।

**<u>নিলামের শর্তাবলী</u>**

১। আগামী **০৫/০৩/২০২৫** ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি জুবিলী রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্বৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫ % এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর

সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে - অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লিঃ, জুবিলী রোড শাখা,চট্টগ্রাম এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে,১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবতী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশাধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তি জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন,তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন -রেজিষ্ট্রেশন ফি, ষ্টাম্প ডিউটি,বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী,স্বায়ত্বশাষিত প্রতিষ্টানের যথা চট্টগ্রাম উন্নায়ন কর্তৃপক্ষ,সিটি কর্পোরেশন/পৌরসভা,ওয়াসা, পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্টান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার,অবস্থান,স্বত্ব,স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যাবস্থাপক, ইউ সি বি পি এল সি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম।